

শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের সভা
মাঠ পর্যায়ের কর্মকর্তাদের
পদোন্নতি বন্ধ থাকায়
ক্ষোভ প্রকাশ

নিজস্ব স্বার্থ পরিবেশক

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ নেতারা প্রাথমিক শিক্ষার মাঠ পর্যায়ের ১২ শ্রেণীর সব কর্মকর্তার জন্য হতত্ব প্রাথমিক শিক্ষা ক্যাম্প গঠনের দীর্ঘসূত্রিতায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।

সং প্রতি ঢাকা বিভাগীয় প্রাথমিক শিক্ষা

কোড : পৃ: ১১ ক: ৫

ক্ষোভ : প্রকাশ

(১২ পৃষ্ঠার পর)

উপ-পরিচালকের কার্যালয়ে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের সাধারণ সভায় নেতারা এ ক্ষোভ প্রকাশ করেন।

সভায় প্রাথমিক শিক্ষায় সহকারী পরিচালক উপ-পরিচালক এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পদোন্নতি বন্ধ থাকায় ক্ষোভ প্রকাশ এবং প্রাথমিক শিক্ষা বিভাগে বহির্ভূত এবং প্রাথমিক শিক্ষায় অন্তর্ভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় অফিসসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পদায়ন বন্ধ করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবের প্রতি অনুরোধ জানানো হয়। এছাড়া প্রাথমিক শিক্ষায় দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণ এবং প্রাথমিক শিক্ষায় অভিজ্ঞতা অর্জন সংক্রান্ত ট্রায় প্রোগ্রামে পাঠানোর জন্য মন্ত্রণালয়ের সচিবের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সাধারণ সভায় ঢাকা বিভাগীয় উপ-পরিচালক মোহাম্মদ শহীদ উল্লাহকে সভাপতি, মানিকগঞ্জের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ সলতান মিয়া'কে মহাসচিব এবং টঙ্গীর থানা শিক্ষা অফিসার মোহাম্মদ আবদুল্লা হেল শাকী'কে সাংগঠনিক সচিব করে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের ৪৬ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়।